

নিয়োগ বিজ্ঞপ্তি

নির্বাচন কমিশন সচিবালয়ের IDEA প্রকল্পের অধীনে বাংলাদেশের সকল উপজেলা / থানা নির্বাচন কার্যালয়ে জাতীয় পরিচয়পত্র সংক্রান্ত কার্যাবলী সম্পাদনের জন্য সম্পূর্ণ অস্থায়ীভাবে আউটসোর্সিং পদ্ধতিতে ডাটা এন্ট্রি অপারেটর পদে নিয়োগ করা হবে। আগ্রহী বাংলাদেশী নাগরিকগণ নিম্নলিখিত শর্তাবলী সাপেক্ষে অন-লাইনে আবেদন করতে পারবেন।

- ০১। পদের নাম: ডাটা এন্ট্রি অপারেটর (Data Entry Operator)
- ০২। সর্ব সাকুল্যে মাসিক বেতন : ১৩,০০০/= (তের হাজার টাকা)
- ০৩। শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা :

- যে কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় নূন্যতম ২য় বিভাগ বা জিপিএ ২.৫।
- যে কোন সরকার অনুমোদিত কম্পিউটার প্রশিক্ষণ সেন্টার থেকে নূন্যতম আইসিটি / কম্পিউটারে ডিপ্লোমা।
- কম্পিউটার টাইপিং এ নূন্যতম ইংরেজীতে ৪০ (চল্লিশ) ও বাংলায় ৩০ (ত্রিশ) শব্দের গতি।
- যে কোন সরকারি প্রকল্পে ডাটা এন্ট্রি অপারেটরের কাজে নূন্যতম ২ বছরের অভিজ্ঞতা।

০৪। বয়স (২২-০১-২০১৬ ইং তারিখে) সর্বোচ্চ ৩০ বছর এবং মুক্তিযোদ্ধা পরিবারের প্রার্থীদের ক্ষেত্রে সর্বোচ্চ ৩২ বছর।

০৫। আগ্রহী প্রার্থীদেরকে আগামী ২২/০১/২০১৬ ইং তারিখের মধ্যে নিম্নবর্ণিত অঞ্চল ভিত্তিক প্রতিষ্ঠানের ওয়েবসাইট এ প্রার্থীর সর্বশেষ শিক্ষাগত যোগ্যতা, কম্পিউটার ডিপ্লোমার সনদ ও অভিজ্ঞতার সনদ সমূহের স্ক্যানকপি এবং সদ্য তোলা পাসপোর্ট সাইজের রসিদ ছবি সংযুক্ত করে- অনলাইন আবেদনপত্র পূরণের মাধ্যমে আবেদন করতে হবে:

অঞ্চল	অন-লাইনে আবেদনের ঠিকানা
ঢাকা-ফরিদপুর-সিলেট-ময়মনসিংহ এর অন্তর্ভুক্ত সকল জেলা ও উপজেলাসমূহ	e-zonebd-idea.egalaxyds.com
বরিশাল-খুলনা-কুমিল্লা-চট্টগ্রাম এর অন্তর্ভুক্ত সকল জেলা ও উপজেলাসমূহ	ideajobs.ipeoplelimited.com
রাজশাহী-রংপুর এর অন্তর্ভুক্ত সকল জেলা ও উপজেলা সমূহ	ncs7.proamsltd.com

- ০৬। আবেদন করার সময় ফরম পূরণ করার নিয়ম ও অন্যান্য শর্তাবলী কোম্পানীর ওয়েবসাইটে পাওয়া যাবে। অনলাইনে আবেদন করার পর আবেদনপত্রটি প্রিন্ট করে যথাযথভাবে সংরক্ষণ করতে হবে।
- ০৭। শুধুমাত্র বাছাইকৃত প্রার্থীগণকে লিখিত পরীক্ষার জন্য যোগাযোগ করা হবে। পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ / ডিএ প্রদান করা হবে না।
- ০৮। নিয়োগ সংক্রান্ত যাবতীয় তথ্যাদি কোম্পানীর ওয়েবসাইটে প্রচার করা হবে।
- ০৯। কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ যে কোন / সকল আবেদন বাতিল, নিয়োগ কার্যক্রম পরিবর্তন, সংশোধন ও বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।
- ১০। অসম্পূর্ণ / ভুল তথ্য সম্বলিত দরখাস্ত কোন প্রকার যোগাযোগ ব্যতিরেকেই বাতিল করা হবে এবং চূড়ান্ত মনোনীত প্রার্থীর যোগদানের সময় যাচাইয়ের লক্ষ্যে সকল সনদের মূলকপি সঙ্গে আনতে হবে।
- ১১। জাতীয় পরিচয়পত্র সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞদের অগ্রাধিকার দেয়া হবে।